

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
আরবান প্ল্যানিং  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৬.১৭.১১৩

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯

১৩ নভেম্বর ২০২২

বিষয়: রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে জনসাধারণের জন্য কবরস্থান ও ঈদগাহ মাঠ নির্মাণার্থে ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র:

১. রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারকঃ ৪৬.১২.০০০০. ০০৩.৩৫.৭২৯.২২. ২০৫৯ তারিখঃ ২৪/১০/২২

২. রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারকঃ ৪৬.১২.০০০০. ০০৩.৩৫.৭২৯.২২. ১৮০৪ তারিখঃ ১৩/০৯/২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে জনসাধারণের জন্য কবরস্থান ও ঈদগাহ মাঠ নির্মাণার্থে নিম্ন তফসিলভুক্ত ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্রের জন্য আবেদন করেছেন।।

ভূমির তফসিল

জেলা-রাজশাহী, থানা-পবা, মৌজা-মুসরাইল, জে.এল নং-১৩২

ক্র.নং	আর.এস খতিয়ান	আর.এস দাগ (আংশিক/সম্পূর্ণ)	শ্রেণী	পরিমাণ (একর)	মন্তব্য
১৮	২১০	৭২৬ আংশিক	ভিটা	.১১৯৮	
১৯	৯৯	৭২৭ আংশিক	ভিটা	.১০১০	
২০	২৩৫	৭২৮ আংশিক	ভিটা	.২৩০৬	
২১	১১৩	৭২৯ সম্পূর্ণ	ভিটা	.০৪৯৩	
২২	১৭৩	৭৩০ আংশিক	ভিটা	.০২৯০	
২৩	২৩৫	৭৩৩ আংশিক	ভিটা	০.০৬৩৮	
২৪	২১০	৭৩৪ আংশিক	ভিটা	.০০৯০	
২৫	১৩২	৭৯৩ আংশিক	ধানী	.১২৬৮	
২৬	২৩৭	৭৯৪ আংশিক	ধানী	.১২১১	
২৭	১১৮	৭৯৬ আংশিক	ধানী	.০৪৭৪	
২৮	২১৩	৮০০ সম্পূর্ণ	ধানী	.৭৫৫৪	
২৯	১৭৬	৮০১ আংশিক	ধানী	১.৯৬৫০	
৩০	৯৯	৮০২ সম্পূর্ণ	ভিটা	.১২৪০	
৩১	১১৩	৮০৩ আংশিক	ধানী	.০৭২৯	
৩২	২২৭	৮০৪ আংশিক	ধানী	.৪৯৯৫	
৩৩	২৯	৮০৫ সম্পূর্ণ	ধানী	.২৪৫৯	
৩৪	২৪১	৮০৯ আংশিক	ধানী	.৩৮৯০	
			সর্বমোট	৪.৯৪৯৫ (একর)	

সরেজমিনে পর্যবেক্ষণে দেখা যায় যে, প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে একটি আম বাগান, ২টি সেমি পাকা ঘড় এবং একটি ডোবা বিদ্যমান। প্রস্তাবিত সাইটের চৌহদ্দির উত্তরে উন্মুক্ত স্থান (কৃষি জমি), আম বাগান এবং অদূরে কিছু আবাসিক ভবন

বিদ্যমান। দক্ষিণে বিমান চত্বর টু বিহাস বাইপাস, মদীনা নগর জামে মসজিদ এবং সংলগ্ন কিছু আবাসিক ভবন বিদ্যমান। পূর্বে উন্মুক্ত স্থান এবং পশ্চিমে কিছু আবাসিক ভবন, আম বাগান এবং অদূরে বার রাস্তার মোড় বিদ্যমান।

এমতাবস্থায়, রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে জনসাধারণের জন্য কবরস্থান ও ঈদগাহ মাঠ নির্মাণার্থে প্রস্তাবিত দাগে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান ২০০৪-২০২৪ এর মাষ্টার প্ল্যান পর্যালোচনা করে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ৪.৯৪৯৫ একর জমি অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।


### শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন/বিধিমালা/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) RMDP (2004-2024) এর “বিদ্যমান” ভূমি ব্যবহার তথ্যানুসারে সংশ্লিষ্ট সাইটের অন্তর্গত (দাগ নং ৭৯৬ এবং ৮০১ এর অংশ বিশেষ) “জলাধার (Water Body)” বা ডোবা সংরক্ষণ করতে হবে;
- (৩) RMDP (2004-2024) এর “বিদ্যমান” এবং “প্রস্তাবিত” ভূমি ব্যবহার তথ্যানুসারে দাগ নং ৮০১ এবং ৮০৯ এর মধ্যবর্তী রাস্তাটি প্রশস্ত করণের লক্ষ্যে বিদ্যমান রাস্তার উভয় পাশে প্রয়োজনীয় RMDP, (2004-2024) এ নির্দেশিত) পরিমাণ জায়গা ছেড়ে স্থাপনা নির্মাণ/উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে; এবং
- (৪) প্রস্তাবিত সাইটে বিদ্যমান আম গাছগুলো যথাসম্ভব সংরক্ষণ করার লক্ষ্যে, প্রস্তাবিত সাইটের যে অংশে আম গাছের আধিক্য কম সে অংশে ঈদগাহ মাঠ এবং বাকী অংশে বিদ্যমান আমগাছগুলো সংরক্ষণ করতঃ কবরস্থান নির্মাণ করা যেতে পারে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে জনসাধারণের জন্য কবরস্থান ও ঈদগাহ মাঠ নির্মাণার্থে প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

### সংযুক্তি:

০১. পরিদর্শন প্রতিবেদন
০২. মৌজা ম্যাপে প্রস্তাবিত ভূমির নকশা
০৩. সাইট সংশ্লিষ্ট অংশে RMDP বিদ্যমান ভূমি ব্যবহার ম্যাপ
০৪. সাইট সংশ্লিষ্ট অংশে RMDP প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ
০৫. প্রস্তাবিত এলাকার Google Map
০৬. রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্র



১৬-১১-২০২২

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

ফোন: ৯৫১৫৫২৮

ইমেইল:

mahamud\_planner@yahoo.com

প্রধান নির্বাহী কর্মকর্তা

নগর ভবন, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৬.১৭.১১৩/১(৫)

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯  
১৩ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৬-১১-২০২২

মোহসিনাত নাসরিন

প্ল্যানার